

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
ওয়েব : www.comillaboard.gov.bd

(একই স্মারকে সংশোধিত চিঠি)

স্মারক নং : উমা/পরী/সাধারণ/০৩/২০১৮/৯২১ (১৮২)

তারিখ : ২৮/০২/২০১৮

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা

প্রাপক : এ বোর্ডের আওতাভুক্ত সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা।

বিষয় : উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০১৮ এর উপকরণসমূহ বিতরণের তারিখ পরিবর্তন প্রসঙ্গে।


১. উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ০২ এপ্রিল ২০১৮ তারিখ হতে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনার লক্ষ্যে তাঁর কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, প্রবেশপত্র এবং অন্যান্য উপকরণসমূহ নিচে বর্ণিত সময়সূচি অনুসারে বোর্ড হতে বিতরণ করা হবে। যথাযথ নিরাপত্তাসহকারে উপকরণ গ্রহণের জন্য তিনি নিজে বা তাঁর কলেজের এক জন শিক্ষক প্রতিনিধিকে প্রাধিকারপত্রসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উপকরণসমূহ পরিবহনের খরচ কেন্দ্র কর্তৃপক্ষকে বহন করতে হবে। উপকরণসমূহ বোর্ড হতে যথাযথভাবে বুঝে নেয়ার পর কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হল। অধিকন্তু প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডসমূহ বোর্ড থেকে গ্রহণের পর পরই পরীক্ষার্থীদের মাঝে বিতরণের ব্যবস্থা করতে হবে, যাতে কোন অনাকাঙ্ক্ষিত ভুলত্রুটি যথা সময়ে সংশোধন করা যায়। উপকরণসমূহ গ্রহণের আবেদনপত্রের সাথে কেন্দ্র নবায়ন ফি জমাদানের প্রমাণপত্র দাখিল করতে হবে, কেন্দ্র নবায়ন ফি জমা দেয়া না হলে উপকরণসমূহ প্রদান করা হবে না।

২. নিধারিত তারিখ সকাল ১০ টায় সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত দিক নির্দেশনামূলক সভা বোর্ডের সভা কক্ষে অনুষ্ঠিত হবে। নিচের সময়সূচি অনুযায়ী সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত সভায় অবশ্যই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো, দাপ্তরিক বিশেষ প্রয়োজনে ভারপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত থাকতে না পারলে, তাঁর প্রাধিকার প্রাপ্ত পরীক্ষা পরিচালনা কমিটির আহবায়ককে উপস্থিত থাকতে হবে।

সময়সূচি

তারিখ	সময়	জেলা/উপজেলার নাম
২৪ মার্চ ২০১৮ শনিবার	সকাল ১০ টা	ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলা এবং কুমিল্লা জেলার মুরাদনগর, দেবিদ্বার, হোমনা, চান্দিনা, বরুড়া, দাউদকান্দি, মেঘনা, তিতাস, বুড়িচং, ব্রাহ্মণপাড়া ও চৌদ্দগ্রাম উপজেলার কেন্দ্রসমূহ
২৫ মার্চ ২০১৮ রবিবার	সকাল ১০ টা	চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া জেলা এবং কুমিল্লা জেলার কুমিল্লা সদর, কুমিল্লা সদর দক্ষিণ, লাকসাম, নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলার কেন্দ্রসমূহ

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

তারিখ : ২৮/০২/২০১৮

স্মারক নং : উমা/পরী/সাধারণ/০৩/২০১৮/৯২১ /১৮২(৮০)

সদয় অবগতি ও কাযার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর
২. এ বোর্ডের আওতাভুক্ত সকল উপজেলা নির্বাহী অফিসার
৩. এ বোর্ডের সকল কর্মকর্তা
৪. এ বোর্ডের সহকারী সচিব, (এফএসএম শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা) উপরোক্ত সময়সূচি মোতাবেক উক্ত পরীক্ষার সাদা উত্তরপত্র ও অন্যান্য উপকরণসমূহ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট প্রদান করার নিমিত্ত প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
৫. এ বোর্ডের ওয়েব সাইট।
৬. সংশ্লিষ্ট নথি।

পরীক্ষা নিয়ন্ত্রক